**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**6 JANUARY 2025** **7:35AMPM IST**

==========================================================================

আসাম সরকারের শিল্প বিনিয়োগে অংশিদার ফিক্কির সহযোগিতায় আজ মুম্বাইতে একটি বিশেষ রোড-শোর আয়োজন করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজকের এই রোড-শো-তে নেতৃত্ব দেবেন । আগামী ২৫ ও ২৬শে ফেব্রয়ারী রাজ্যে অনুষ্ঠেয় দ্বিতীয় পর্যায়ের এডভান্টেজ-আসাম বিনিয়োগ এবং পরিকাঠামো শীর্ষ সম্মেলন - ২০২৫-এর প্রাককালে এই রোড-শো-এর আয়োজন করা হচ্ছে । আসন্ন দ্বিতীয় পর্যায়ের এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনের বিষয়ে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন যে ভারতের অর্থনৈতিক বিকাশ
যাত্রায় আসাম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে । রাজ্য সরকার আসামে বিনিয়োগের অনুকূল পরিবেশ গড়ে তোলার জন্য ক্রমাগত প্রচেষ্টা চালাচ্ছে ফলে ধীরে ধীরে রাজ্যে উন্নয়নের গতি তরান্বিত হচ্ছে বলেও মুখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

---

এদিকে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল দেশের কয়েকজন শিল্পপতির সঙ্গে সাক্ষাৎ করে আসামে  বিনিয়োগের পরিকল্পনা এবং অন্যান্য বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন । মূখমন্ত্রী ডক্টর শর্মা এডভান্টেজ আসামের দ্বিতীয় পর্যায়ে অংশ গ্রহণ করতে শিল্পপতিদের আসামে আসার আমন্ত্রন জানিয়েছেন ।  মূখ্যমন্ত্রী বলেন যে আসাম সরকার দক্ষ এবং অনুশাসন মেনে চলা কর্মশক্তির মাধ্যমে দেশের ক্রমবর্ধমান ব্যাঙ্কিং প্রতিষ্ঠানকে বেশ কিছু সুযোগ প্রদান করে আসছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল উত্তর-পূর্বাঞ্চলে পর্যটনের প্রচার ও প্রসারের উদ্দেশ্যে রাজস্থানের রাণা প্রতাপ নগর ও কামাখ্যার মধ্যে  ভারত গৌরব নামের একটি বিশেষ ট্রেন পরিষেবা  শুরু করেছে । রাজস্থানের রাণা প্রতাপ নগর থেকে যাত্রা  করা ট্রেনটি আজ দুপুর ২ টো ২৫ মিনিটে কামাখ্যা ষ্টেশনে এসে পৌছবে । ঐ ট্রেনে করে আসা পর্যটকদের বিভিন্ন স্থান ভ্রমণ করানোর জন্য দুদিনের বিরতি নিয়ে আগামী ৭ই জানুয়ারী  বিকেল ৫ টা ১৫ মিনিটে  ট্রেনটি কামাখ্যা থেকে ছাড়বে । উত্তর-পূর্ব সীমান্ত রেলের  পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে দেশের সাংস্কৃতিক বৈচিত্র সর্ম্পকে অবগত করানোর অভিজ্ঞতা প্রদান করাই হচ্ছে এই ভারত গৌরব বিশেষ ট্রেনের উদ্দেশে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল যাত্রীদের সুবিধায় কয়েকটি ট্রেনের যাত্রার সময়সূচীর পরিবর্তন করেছে । এই নতুন সময়সূচী অনুসারে  শিলচর-নাহরলগুন এক্সপ্রেস ট্রেনটি আজ  থেকে আগামী ৩১ মার্চ পর্যন্ত সপ্তাহের প্রত্যেক সোমবার শিলচর থেকে দুপুর ১টা ১০ মিনিটে গন্তব্যস্থলের উদ্দেশ্যে যাত্রা শুরু করে পরদিন সকাল ৮টা ৪০ মিনিটে নাহরলগুন পৌছবে । অনুরূপভাবে ,  নাহারলগুন-শিলচর এক্সপ্রেস ট্রেনটি প্রতি মঙ্গলবার নাহরলগুন থেকে সকাল ১০টায় যাত্রা  করে বুধবার সকাল ৫টা ২০ মিনিটে শিলচর এসে পৌছবে ।

---

এদিকে, আসাম সরকারের শিল্প বিনিয়োগে অংশিদার ফিক্কির সহযোগিতায় আজ মুম্বাইতে একটি বিশেষ রোড-শোর আয়োজন করা হয়েছে  । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজকের এই রোড-শো-তে নেতৃত্ব দেবেন । আগামী ২৫ ও ২৬শে ফেব্রয়ারী রাজ্যে অনুষ্ঠেয় দ্বিতীয় পর্যায়ের এডভান্টেজ-আসাম বিনিয়োগ এবং পরিকাঠামো শীর্ষ সম্মেলন - ২০২৫-এর প্রাককালে এই রোড-শো-এর আয়োজন করা হচ্ছে । আসন্ন দ্বিতীয় পর্যায়ের এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনের বিষয়ে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন যে ভারতের অর্থনৈতিক বিকাশ
যাত্রায় আসাম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে । রাজ্য সরকার আসামে বিনিয়োগের অনুকূল পরিবেশ গড়ে তোলার জন্য ক্রমাগত প্রচেষ্টা চালাচ্ছে ফলে ধীরে ধীরে রাজ্যে উন্নয়নের গতি তরান্বিত হচ্ছে বলেও মুখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

---

আসাম সরকার আগামী ১৭ই জানুয়ারী শিল্পী দিবসের সঙ্গে সঙ্গতি রেখে শিল্প, সংস্কৃতি ও সমাজ জীবনে অনবদ্য অবদান রাখার জন্য ৫ জন

বিশিষ্ট শিল্পীকে নটসূর্য ফনী শর্মা পুরষ্কার এবং সাহিত্যচর্য্য অতুল চন্দ্র হাজারিকা পুরষ্কার প্রদান করবে । বিশিষ্ট কণ্ঠ শিল্পী অনিমা চৌধুরী ও লোকশিল্পী মুকুল রাভা কে ২০২৫ এর শিল্পী পুরষ্কার প্রদান করা হবে ।

---

রাজ্যের শিক্ষা সঞ্চালকালয় বিদেশী ট্রাইব্যুনালের দ্বারা বিদেশী হিসেবে ঘোষণা করা মরিগাঁওয়ের দুজন শিক্ষককে চাকুরী থেকে বরখাস্ত করেছে । উভয় শিক্ষক বিদেশী ট্রাইব্যুনালের এই রায়ের বিরুদ্ধে হাইকোর্টে আপিল করেছিলেন । পরে হাইকোর্ট বিদেশী ট্রাইব্যুনালের রায় বহাল রাখে এবং এর পরিপ্রেক্ষিতে শিক্ষা সঞ্চালকালয় উভয় শিক্ষককে চাকুরী থেকে বরখাস্থ করার নির্দেশ জারি করে ।

---

রাজ্য নির্বাচন কমিশন আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচনের চূড়ান্ত ভোটার তালিকায় ভোটদাতাদের নিজেদের নাম পরীক্ষা করার জন্য একটি ওয়েবসাইটের সূচনা করেছে । ভোটদাতারা ermssec.assam.gov.in এই ওয়েবসাইট থেকে ভোটার তালিকা ডাউনলোড করে বা ভোটার কার্ডের নম্বরের মাধ্যমে নিজেদের নাম পরীক্ষা করতে পারবেন । এছাড়া সংশ্লিষ্ট জেলা আয়ুক্তের কার্যালয় , জেলা পরিষদ , গ্রাম পঞ্চায়েত বা খন্ড উন্নয়ন আধিকারীকের কার্যালয়ে ভোটদাতারা তাদের নাম পরীক্ষা করতে পারবেন ।বয়সের হিসেবে ভোট দেওয়ার জন্য যোগ্য বিবেচিত যুবক যুবতিরাও ওয়েবসাইটের মাধ্যমে খসড়া

তালিকায় নিজেদের নাম অর্ন্তভুক্তির জন্য আবেদন দাখিল করতে পারবে ।

---

রাজ্য নির্বাচন কমিশন আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচনের চূড়ান্ত ভোটার তালিকায় ভোটদাতাদের নিজেদের নাম পরীক্ষা করার জন্য একটি ওয়েবসাইটের সূচনা করেছে । ভোটদাতারা ermssec.assam.gov.in এই ওয়েবসাইট থেকে ভোটার তালিকা ডাউনলোড করে বা ভোটার কার্ডের নম্বরের মাধ্যমে নিজেদের নাম পরীক্ষা করতে পারবেন । এছাড়া সংশ্লিষ্ট জেলা আয়ুক্তের কার্যালয় , জেলা পরিষদ , গ্রাম পঞ্চায়েত বা খন্ড উন্নয়ন আধিকারীকের কার্যালয়ে ভোটদাতারা তাদের নাম পরীক্ষা করতে পারবেন ।বয়সের হিসেবে ভোট দেওয়ার জন্য যোগ্য বিবেচিত যুবক যুবতিরাও ওয়েবসাইটের মাধ্যমে খসড়া তালিকায় নিজেদের নাম অর্ন্তভুক্তির জন্য আবেদন দাখিল করতে পারবে ।

---

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত প্রশিক্ষণ কেন্দ্র পি এন বি আর সে টি কাছাড় শিলচরে আগামী ১৪ জানুয়ারী থেকে সম্পূর্ণ বিনামূল্যে দশদিনের ডেয়ারী ফার্ম ও ভার্মি কম্পোষ্ট ও দুগ্ধজাত খাবার তৈরীর বিশেষ এন্টারপ্রেনরশিপ ডেভেলাপমেন্ট প্রোগ্রাম অনুষ্ঠিত হবে । কাছাড় ও হাইলাকান্দি জেলার বেকার যুবক যুবতী সহ আত্মসহায়ক দলের মহিলা বা প্রধানমন্ত্রী মুদ্রা যোজনার শিশু বিভাগে ঋণের সহায়তা প্রদান সহ পিএমইজিপির আওতায় ভর্তুকিযুক্ত ঋণে আবেদন করতে ইচ্ছুকদের কাছ

থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে । এই প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করা সফল প্রশিক্ষার্থীদের  ভারত সরকারের গ্রাম উন্নয়ন মন্ত্রণালয় থেকে জারি করা শংসাপত্র সহ ব্যাবসার ঋণ আবেদনের জন্য ইডিপি সার্টিফিকেট প্রদান করা হবে ।